ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬৩২

আগরতলা, ৯ মে, ২০২৫

**তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে রাজ্যের নানাস্থানে কবি প্রণাম অনুষ্ঠান**

**জিরানীয়া ঃ** মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির সহযোগিতায় আজ পুরাতন আগরতলা ব্লকের কনফারেন্স হলে রবীন্দ্র জন্মজয়ন্তী পালন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক রতন চক্রবর্তী বলেন, রবীন্দ্রনাথ ঠাকুর ছিলেন এক অনন্য ও বহুমুখী প্রতিভার অধিকারী। তিনি একাধারে কবি, সাহিত্যিক, সংগীতকার, দার্শনিক ও শিল্পী ছিলেন। বাংলা সাহিত্য ও সংস্কৃতির আকাশে তিনি ছিলেন এক উজ্জ্বল নক্ষত্র। রবীন্দ্রনাথ ঠাকুরের চিন্তাধারা, মানবিকতা ও সৃষ্টিশীলতা নতুন প্রজন্মের কাছে বেশি করে তুলে ধরতে হবে। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ঝর্ণারাণী দাস ও ভাইস চেয়ারম্যান মন্টি দেবনাথ, পুরাতন আগরতলা ব্লকের বিডিও শান্তনু দত্ত, বিশিষ্ট সমাজসেবী মান্না দে, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক গৌতম দাস প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

**মোহনপুর ঃ** মোহনপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং মোহনপুর পুর পরিষদ ও মোহনপুর পঞ্চায়েত সমিতির সহযোগিতায় আজ মোহনপুর পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব। এছাড়াও উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ ও ভাইস চেয়ারপার্সন শংকর দেব, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য জয়নাল দাস, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক অশোক দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী কার্তিক আচার্যি এবং শ্যামল দেবনাথ। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী সহ সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ নৃত্য, সংগীত এবং আবৃত্তি পরিবেশন করেন। অনুষ্ঠান উপলক্ষে ক্যুইজ ও বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়।

**খোয়াই ঃ** যথাযোগ্য মর্যাদায় আজ খোয়াই পুরাতন টাউন হলে রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং খোয়াই পুর পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশিষ্ঠ সমাজসেবী বিনয় দেববর্মা। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা ও ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা, পদ্মবিল ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা, খোয়াই পুর পরিষদের ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি পিযুষ কান্তি চৌধুরী, মহকুমা তথ্য আধিকারিক দুলাল দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ কবিগুরু রবীন্দ্রনাথের জীবন দর্শন নিয়ে আলোচনা করেন।

***২য় পাতায়***

অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে খোয়াই কালচারাল সেলের উদ্যোগে ভোরবেলায় এক প্রভাত ফেরির আয়োজন করা হয়। প্রভাত ফেরিতে খোয়াই শহরের বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী সহ বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরাও অংশগ্রহণ করেন।

**তেলিয়ামুড়া ঃ** মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং তেলিয়ামুড়া পুর পরিষদের যৌথ উদ্যোগে আজ তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে রবীন্দ্র জন্মজয়ন্তী পালন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার মুখ্য সচেতক তথা বিধায়ক কল্যাণী সাহা রায়। এছাড়াও উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, তেলিয়ামুড়া পুর পরিষদের সাংস্কৃতিক স্থায়ী কমিটির সভাপতি অচিন্ত্য ভট্টাচার্য, তেলিয়ামুড়া পুর পরিষদের ডেপুটি সিইও অমিত রায় চৌধুরী, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক মিঠন দত্ত প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সংগীত, নৃত্য, আবৃত্তি পরিবেশন করেন। এছাড়াও রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে প্রতিযোগিতার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

**সাব্রুম ঃ** মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আজ সকালে সাব্রুম টাউনহল প্রাঙ্গণে কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে স্থানীয় শিল্পীদের দ্বারা প্রভাত ফেরির আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে ও ভাইস চেয়ারপার্সন দীপক দাস, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের আইসিও রূপক আচার্যি প্রমুখ। সন্ধ্যায় মেলারমাঠে বৈশাখী মেলামঞ্চে স্থানীয় শিল্পীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

**শান্তিরবাজার ঃ** সারা রাজ্যের সঙ্গে শান্তিরবাজারেও আজ যথাযোগ্য মর্যাদায় রবীন্দ্র জন্মজয়ন্তী পালন করা হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে শান্তিরবাজার পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নেপাল চন্দ্র দাস প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ সুগার মিল চৌমুহনীস্থিত কবিগুরুর মর্মর মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করেন। বিকেলে মুকুট অডিটোরিয়ামে বিভিন্ন বিদ্যালয় ও সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

**করবুক ঃ** মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহযোগিতায় রবীন্দ্র জন্মজয়ন্তী পালন করা হয়। পাঞ্জিহাম দ্বাদশ শেণী বিদ্যালয়ের অডিটোরিয়ামে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা। এছাড়াও উপস্থিত ছিলেন করবুক ব্লকের বিএসি'র চেয়ারম্যান প্রণব ত্রিপুরা, করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ভাইস প্রিন্সিপাল কার্তিক দেববর্মা, বিশিষ্ঠ সমাজসেবী সুনীল রিয়াং, প্রণব শঙ্কর ত্রিপুরা, সূর্যমানিক জমাতিয়া প্রমুখ।

*৩য় পাতায়*

অনুষ্ঠান উপলক্ষে গতকাল বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

**কুমারঘাট ঃ** আজ কুমারঘাট মহকুমায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। মহকুমার মূল অনুষ্ঠানটি সন্ধ্যায় কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, রবীন্দ্র চেতনায় আগামী প্রজন্মকে উদ্ভাসিত হতে হবে। রবীন্দ্রনাথকে যাতে ঘরে ঘরে পৌঁছে দেওয়া যায় তারও ব্যবস্থা করতে হবে। তবেই সকলের মধ্যে সুস্থ সংস্কৃতি মনস্ক মন তৈরি হবে। সুস্থ সংস্কৃতি মন তৈরি হলে সমাজের প্রতিও দায়বদ্ধতাবোধ গড়ে উঠবে। প্রধান বক্তার ভাষণে বিশিষ্ঠ শিক্ষাবিদ রবীন্দ্র সিনহা বলেন, রবীন্দ্রনাথ ছাড়া আমাদের জীবন ভাবাই যায়না। এছাড়া বক্তব্য রাখেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস। সভাপতিত্ব করেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস। উপস্থিত ছিলেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্কর দেব, কুমারঘাট পুর পরিষদের ডেপুটি সিইও শুভঙ্কর সেন, সমাজসেবী কার্তিক দাস। স্বাগত বক্তব্য রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক শুভাশীষ সেনগুপ্ত। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ও সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ রবীন্দ্র সংগীত-নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন। প্রভাতি কবি প্রণাম অনুষ্ঠান আয়োজিত হয় পিএম শ্রী পাবিয়াছড়া কলোনী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের রবীন্দ্র মূর্তির পাদদেশে। সেখানে উপস্থিত ছিলেন কুমারঘাট পুর পরিষদের ৮নং ওয়ার্ডের কাউন্সিলার রীনা রাণী সরকার, কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা প্রমুখ।

**উদয়পুর ঃ** মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আজ সকালে মাতাবাড়ি বাইপাস রোডে রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায়, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শিল্পী দাস, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতলচন্দ্র মজুমদার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা অজয় দেব প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ কবিগুরুর মর্মর মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ অর্পণ করেন। অনুষ্ঠানে উদয়পুর মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা নৃত্য, সংগীত ও আবৃত্তি পরিবেশন করেন। এছাড়াও এদিন উদয়পুরের ভুবনেশ্বরী মন্দির প্রাঙ্গণে কবিগুরু রবীন্দ্রনাথের প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ অর্পণ করা হয়।

**ছৈলেংটা ঃ** সারা রাজ্যের সঙ্গে লংতরাইভ্যালি মহকুমাতেও আজ যথাযোগ্য মর্যাদায় রবীন্দ্র জন্মজয়ন্তী পালন করা হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ছৈলেংটাস্থিত লংতরাইভ্যালি সরকারি ডিগ্রি কলেজে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন টিটিএএডিসি’র মনু-ছৈলেংটার এমডিসি সঞ্জয় দাস। এছাড়াও উপস্থিত ছিলেন মধুচন্দ্র দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষক পীযুষ কান্তি চৌধুরী, লংতরাইভ্যালির বরিষ্ঠ সাংবাদিক ঝুলন বিকাশ বড়ুয়া, সমাজসেবী রাজীব ভৌমিক, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক সিদ্ধার্থ দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ কবিগুরুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীদের দ্বারা পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

*৪র্থ পাতায়*

**কমলপুর ঃ** মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং কমলপুর নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে আজ রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। কমলপুর নজরুল ভবনে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক মনোজ কান্তি দেব। এছাড়াও উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সৌমিত্র গোপ, কমলপুর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন সুব্রত মজুমদার, বিশিষ্ট সমাজসেবী সম্পা দাস, বরিষ্ঠ তথ্য আধিকারিক অমৃত দাস প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ কবিগুরুর প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ অর্পণ করেন। সন্ধ্যায় স্থানীয় শিল্পীদের দ্বারা পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

*******